# সবসময় কানেক্টেড
# মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট

মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট
মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতায় প্রশিক্ষণের জন্য একটি নির্দেশিকা



স্বত্বাধিকার © 2018 GSM Association


# বাইটসা
# প্রশিক্ষণ

## এটা কী?



"আপনি অনেক চমৎকার জিনিসের জন্য ইন্টারনেট ব্যবহার করতে পারেন, তবে এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে ইন্টারনেট বিশ্বব্যাপী সবার জন্যই উন্মুক্ত এবং এই কারণে এটাকে বাস্তব জীবনের সর্বজনীন স্থানের (যেমন বাজার) মতো বিবেচনা করা এবং নিরাপদ থাকা আবশ্যক।"


### আপনার যে সব জিনিস প্রয়োজন হবে



স্মার্টফোন হ্যান্ডসেট




নিরাপত্তা পোস্টার




WhatsApp
'ব্লক' পোস্টার

## আপনি কিসের জন্য এটি ব্যবহার করতে পারেন?

### 'ইন্টারনেট নিরাপত্তার জন্য সহজ পরামর্শ' পাতাটি দিন

"একটি সর্বজনীন জায়গার মতই আপনার যা করা উচিত:

1. আপনি যে মানুষদের জানেন না বা যারা আপনাকে বিরক্ত করছে তাদের 'ব্লক' বা উপেক্ষা করুন
2. আপনার ব্যক্তিগত তথ্যকে গোপনীয় রাখুন (যেমন আপনি কে, কোথায় থাকেন, পাসওয়ার্ড)
3. ইন্টারনেটে আপনার দেখতে পাওয়া কোনো জিনিসের ব্যাপারে বা কোনো অভিজ্ঞতার ব্যাপারে আপনি যদি অস্বচ্ছন্দ বোধ করেন তাহলে আপনার পরিচিত ও বিশ্বস্ত কোনো মানুষকে বলুন
4. মানুষের প্রতি নম্র ও সম্মানপূর্ণ হোন এবং তাদেরকে বিরক্ত করবেন না"

প্রশিক্ষক: প্রতিটি পরামর্শের জন্য আপনার নিজের উদাহরণ দিন, যদি আপনার সময় থাকে।

# আপনি কিভাবে নিরাপদে থাকেন?

## ফোনটি প্রশিক্ষনার্থীর হাতে দিন এবং তাকে ধাপগুলি অনুসরণ করতে সাহায্য করুন

**জিজ্ঞাসা করুন তারা কোন সেবাতে (WhatsApp, YouTube বা Google) নিরাপদে থাকার বিষয়ে শিখতে চান?**

**WhatsApp**: "যদি এমন কেউ আপনাকে WhatsApp-এ মেসেজ করে বা বিরক্ত করে যাকে আপনি চেনেন না, এবং আপনি তাদের মেসেজ না পেতে চান, তাহলে তাদের 'ব্লক' করুন যাতে তারা আবার আপনার সঙ্গে যোগাযোগ করতে না পারেন।"
**'কীভাবে ব্লক করতে হয়'** পোস্টারটি দেখান এবং ধাপগুলি প্রদর্শন করুন (পৃ.157)।।

---

**YouTube**: "আপনি যদি YouTube এ ভিডিও দেখার সময় এমন কিছু দেখতে পান যা আপনার মতে খারাপ বা আপত্তিকর, তাহলে পূর্ববর্তী পৃষ্ঠায় ফিরে যেতে পারেন, আপনার সন্ধানকে সংশোধন করতে পারেন এবং অন্য ভিডিওগুলি দেখা চালিয়ে যেতে পারেন।"
**YouTube এ এটা দেখান** - ব্যাক বাটন টিপুন, আপনার সার্চ বক্সে কীওয়ার্ডগুলি মুছে দিন এবং ভিন্ন কীওয়ার্ড ব্যবহার করে আপনার সন্ধানকে পরিবর্তন করুন।

---

**Google**: "আপনি যদি Google এ তথ্য দেখার সময় এমন কিছু দেখতে পান যা আপনার মতে খারাপ বা আপত্তিকর, তাহলে পূর্ববর্তী পৃষ্ঠায় ফিরে যেতে পারেন, আপনার সন্ধান পরিবর্তন করতে পারেন এবং অন্য তথ্য দেখা চালিয়ে যেতে পারেন।"
**Google এ এটা দেখান** - ব্যাক বাটন টিপুন, আপনার সার্চ বক্সে কীওয়ার্ডগুলি মুছে দিন এবং ভিন্ন কীওয়ার্ড ব্যবহার করে আপনার সন্ধানকে পরিবর্তন করুন।

---

**Facebook**: "আপনি যদি Facebook এ থাকেন, তাহলে কারা আপনার প্রোফাইল দেখতে পারেন এবং কারা আপনার সঙ্গে যোগাযোগ করতে পারেন তা আপনি পরিবর্তন করতে পারেন।" **Facebook এ এটা দেখান** - তাদেরকে গোপনীয়তা শর্টকাটগুলি দেখান যেখানে তারা পরিবর্তন করতে পারবেন যে কারা তাদের প্রোফাইল দেখতে পারেন এবং কারা বন্ধুত্বের অনুরোধ সহ তাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

# এটা কী?




"আপনি যখনই আপনার ফোনে ইন্টারনেট ব্যবহার করেন, তখন আপনি 'ডেটা' ব্যবহার করেন। অর্থাৎ আপনাকে আপনার মোবাইল নেটওয়ার্ক-এর কাছ থেকে ডেটা কিনতে হবে। ইন্টারনেটে কিছু ক্রিয়াকলাপ বেশি ডেটা ব্যবহার করে, তাই এগুলি করতে বেশি খরচ হয়।"


"আপনি ইন্টারনেট-এর জন্য ডেটা কিনতে পারেন; এটা কল ও মেসেজের জন্য ফোন ক্রেডিট কেনার মতই। আপনার স্থানীয় মোবাইল নেটওয়ার্ক এজেন্ট বা ফোন ক্রেডিট বিক্রেতার কাছ থেকে ইন্টারনেট-এর জন্য ডেটা কেনা যায়, যিনি আপনার জন্য এটা টপ আপ করে দেবেন।"

"কখনও কখনও ইন্টারনেট ডেটা 'ডেটা ভাউচার' বা 'ডেটা কার্ড' হিসেবেও কেনা যেতে পারে, যা ব্যবহার করে আপনি আপনার মোবাইল ইন্টারনেট নিজেই টপ আপ করতে পারেন।"

## আপনার যে সব জিনিস প্রয়োজন হবে



স্মার্টফোন হ্যান্ডসেট




র খরচখরচের পোস্টার

# কোনগুলি ডেটা ব্যবহার করে?

**খরচের পোস্টার দেখান**
"বিভিন্ন ক্রিয়াকলাপ ভিন্ন পরিমাণ ডেটা ব্যবহার করে। টেক্সট দেখার জন্য সবচেয়ে কম ডেটা ব্যবহার হয়, ছবি দেখার জন্য আরো বেশি, মিউজিক বাজানো ও ডাউনলোড করা, স্টিকার ও রিংটোন ডাউনলোড করার জন্য আরো বেশি ডেটা ব্যবহার হয় এবং ভিডিও ডাউনলোড করা ও চালানোর জন্য সবচেয়ে বেশি ডেটা ব্যবহার হয়। ভিডিওগুলি অন্যান্য ইন্টারনেট ব্যবহারের চেয়ে বেশি ডেটা ব্যবহার করে।"

"কিছু ইন্টারনেট সেবা এমন ক্রিয়াকলাপের সঙ্গে সম্পর্কিত যা বেশি ডেটা ব্যবহার করে:

- যেমন YouTube এ ভিডিও দেখার জন্য প্রচুর পরিমাণ ডেটা ব্যবহার হয়
- যেমন টেক্সট ও ছবি দেখার জন্য Google এ কম খরচ হয়, কিন্তু ভিডিও দেখলে আপনার বেশি খরচ হবে"

**ব্যাখ্যা করুন** যে "সফটওয়্যার আপডেটও ডেটা ব্যবহার করে এবং এর জন্য অর্থ খরচ হবে।"

# আপনি কীভাবে আপনার ডেটার খরচ যাচাই করেন?

ফোনটি প্রশিক্ষণার্থীর হাতে দিন এবং তাকে ধাপগুলি অনুসরণ করতে সাহায্য করুন

"আপনি কত ডেটা ব্যবহার করেছেন এবং ভিন্ন ভিন্ন ক্রিয়াকলাপে কত খরচ হয় তা বোঝার জন্য আপনার ডেটা যাচাই করলে তা সহায়ক হয়।

আপনি যাচাই করতে পারেন আপনার কতটা ডেটা আছে, ঠিক যেভাবে আপনার মোবাইল নেটওয়ার্ক থেকে আপনার ফোনে একটি কোড টাইপ করে আপনার কত মিনিট বা কটি টেক্সট বাকি আছে তা আপনি যাচাই করেন।"

প্রশিক্ষনার্থীকে **দেখান** কীভাবে ডেটা যাচাই করতে হয়। আপনি কোন দেশে আছেন এবং কোন নেটওয়ার্কে আছেন তার ওপর নির্ভর করে এটা আলাদা হয়। আপনার সাহায্য প্রয়োজন হলে একজন মোবাইল এজেন্টকে জিজ্ঞাসা করুন।

**পরামর্শ:** "আপনি বিভিন্ন পরিমাণে ডেটা কিনতে পারেন, যা নির্ভর করে আপনি কিসের জন্য ইন্টারনেট ব্যবহার করতে চলেছেন তার ওপরে। আপনার জন্য কতটা পরিমাণ সবচেয়ে ভালভাবে উপযুক্ত সেই বিষয়ে আপনার স্থানীয় মোবাইল এজেন্টের কাছ থেকে পরামর্শ চান।"

# পোস্টার কাট-আউট ও তথ্যপত্র

# ইন্টারনেট নিরাপত্তার জন্য সহজ পরামর্শ



আপনি যে মানুষদের জানেন না বা যারা আপনাকে বিরক্ত করছে তাদের 'ব্লক' বা উপেক্ষা করুন



আপনার ব্যক্তিগত তথ্যকে গোপনীয় রাখুন




আপনার দেখতে পাওয়া বা অভিজ্ঞতা হওয়া কোনো জিনিসের ব্যাপারে আপনি যদি অস্বচ্ছন্দ বোধ করেন তাহলে আপনার পরিচিত ও বিশ্বস্ত কোনো মানুষকে বলুন




মানুষের প্রতি নম্র ও সম্মানপূর্ণ হোন











# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

তারিখ

স্বাক্ষরিত



# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

তারিখ

স্বাক্ষরিত